গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২১২

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৮
০২ জুলাই ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

# দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ০২.০৭.২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**আজ ০২ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া, পাবনা, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**ভারী বর্ষণের সতর্ক বার্তা:**

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে (০১ জুলাই, ২০২১ খ্রিঃ) তারিখ বিকাল ৩.০০টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি.) থেকে অতিভারী (≥৮৯ মি.মি.) বর্ষণ হতে পারে। **ভারী থেকে অতিভারী বর্ষণের প্রভাবে চট্টগ্রাম বিভাগের পাহাড়ী এলাকার কোথাও কোথাও ভূমিধ্বসের সম্ভাবনা রয়েছে।**

**০২ জুলাই ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক**

**অবস্থাঃ** মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উত্তর প্রদেশ, বিহার, হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের উত্তরাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং

উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ** রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** এ সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবনতা হ্রাস পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৮.৮ | ২৭.৬ | ৩০.৫ | ২৯.২ | ২৭.৮ | ২৮.১ | **৩১.৫** | ৩০.৯ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৩.৫ | ২৪.৭ | ২৩.৮ | ২৪.০ | ২৪.৬ | ২৩.০ | **২২.৬** | ২৩.৪ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল মংলা ৩১.৫$^{0}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সাতক্ষীরা ২২.৬$^{0}$ সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল আছে, অপরদিকে যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। উভয় নদ-নদীর পানি সমতল আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত বৃদ্ধি পেতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- সুরমা ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৭২ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল, দক্ষিণ-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ, সিকিম, আসাম, মেঘালয় ও ত্রিপুরা প্রদেশের স্থানসমূহে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এর ফলে এই সময়ে দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার, ব্রহ্মপুত্র, উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকা এবং দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পার্বত্য অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেয়ে কতিপয় স্থানে আকস্মিক বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ১৮ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/০২ জুলাই ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - | - |

**বৃষ্টিপাতের তথ্যঃ**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| নরসিংদী | ১৪১.০ | খুলনা | ১২৫.০ | ভৈরববাজার | ১১১.০ |
| কক্সবাজার | ১১০.০ | পঞ্চগড় | ৯৫.০ | বরিশাল | ৯৫.০ |
| চাঁদপুর | ৭৮.০ | নোয়াখালী | ৭৭.০ | পাবনা | ৭৩.০ |
| নওগাঁ | ৬৮.০ | কুষ্টিয়া | ৬৩.০ | ঠাকুরগাঁও | ৬১.০ |
| লাটু | ৬০.০ | ফরিদপুর | ৫৮.০ | ঢাকা | ৫৮.০ |
| ভাগ্যকুল | ৫৬.০ | ব্রাহ্মণবাড়িয়া | ৫৫.০ | সাতক্ষীরা | ৫৪.০ |

গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| চেরাপুঞ্জি | ৭২.০ | জলপাইগুড়ি | ৬০.০ | আগরতলা | ৩৭.০ |

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৬৩ | গেজ পাঠ পাওয়া যায়নি | ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি) |
| হ্রাস | ৩৭ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০০ | **বিপদসীমার উপরে** | ০ |

**অতিবর্ষণ এবং উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলে সৃষ্ট আকস্মিক বন্যা পরিস্থিতিঃ**

**১। ময়মনসিংহঃ জেলা প্রশাসন, ময়মনসিংহ এর স্মারক নং ৫১.০১.৬১০০.০০০.৯৭.০০২.১৮-৪৮৯, তারিখঃ ৩০/০৬/২০২১ খ্রিঃ এর মাধ্যমে জানানো হয়েছে যে, সাম্প্রতিক অতিবর্ষণ ও উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলের কারণে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট ও ধোবাউড়া উপজেলায় আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ধোবাউড়া উপজেলায় ০৫ টি ইউনিয়ন (দক্ষিণ মাইজপাড়া, গামারীতলা, ধোবাউড়া, পোড়াকান্দুলিয়া ও ঘোষগাঁও) এবং হালুয়াঘাট উপজেলায় ১১ টি ইউনিয়নে (ভূবনকুড়া, জুগলী, কৈচাপুর, হালুয়াঘাট, গাজিরভিটা, বিলডোরা, শাকুয়াই, নড়াইল, ধারা, ধরাইল ও আমতৈল) পানি বৃদ্ধি পেয়ে বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়েছে। নদ-নদীর পানি বৃদ্ধির ফলে হালুয়াঘাট উপজেলায় ৫,৩০০ টি ও ধোবাউড়া উপজেলায় ১৭,৫০০ টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ থেকে মানবিক সহায়তা হিসেবে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিগ্রস্ত পরিবারদের মাঝে তাৎক্ষণিকভাবে বিতরণের নিমিত্ত প্রতি উপজেলায় ০৫ (পাঁচ) মে:টন করে মোট ১০ (দশ) মে:টন জিআর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে।**

**২। ফেনীঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ফেনী এর সাথে টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি জানান যে, গত ০১.০৭.২০২১ তারিখে ফেনী জেলার পরশুরাম উপজেলায় মহুরী নদীর বাঁধ ভেঙ্গে পরশুরাম ও ফুলগাজী উপজেলার ১০ টি গ্রাম প্লাবিত হয়েছে। জেলা প্রশাসকসহ উপজেলা নির্বাহী কর্মকর্তা, পরশুরাম সরেজমিনে পরিদর্শন করেছেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ থেকে মানবিক সহায়তা হিসেবে জেলা প্রশাসন কর্তৃক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার শুকনা খাবার ক্রয় করে ক্ষতিগ্রস্ত পরিবারদের মাঝে বিতরণ করা হচ্ছে। বিস্তারিত তথ্য পরবর্তীতে জানা যাবে।**

**অগ্নিকান্ডের তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ৩০ জুন, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০১ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৫ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতেরসংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ২ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৭। | খুলনা | ১ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | রংপুর | ০ | ০ | ০ |
| | | | | |
| | **মোট** | **৫** | **০** | **০** |

## বজ্রপাতের তথ্যঃ

**নওগাঁ:** ০১/০৭/২০২১ খ্রিঃ তারিখে বজ্রপাতে ১ জন নিহত। নিহতের তালিকা নিম্নে দেয়া হলো-

| ক্রঃনং | জেলা | নাম ও ঠিকানা | ঘটনার সময় ও তারিখ | **অনুদান** |
|---|---|---|---|---|
| ১। | নওগাঁ | নাম- শ্রী পূর্ণ চন্দ্র প্রামানিক (১৮), পিতা- সুপদ প্রামানিক, গ্রাম- জালালপুর, ইউনিয়ন- বলিহার, উপজেলা- নওগাঁ সদর | ০১.০৭.২০২১, সকাল ১০:১৫ ঘটিকা | **২০,০০০-/ টাকা** |

২-৭-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়